

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোৱা  
 ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা  
[www.bomd.gov.bd](http://www.bomd.gov.bd)

খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোৱা সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির ২৮.০৩.২০২১ তারিখে অনুষ্ঠিত ত্রৈমাসিক সভার  
 কার্যবিবরণী (জানুয়ারি-মার্চ, ২০২১)

সভাপতি	:	জনাব মো: মামুনুর রশীদ, বিএমডি
তারিখ	:	২৮ মার্চ ২০২১
সময়	:	সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান:	:	বিএমডির সভা কক্ষ
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

উপস্থিতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি খনিজ সম্পদ উন্নয়ন ব্যৱোৱা সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার বিষয়ে আলোকপাত করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, গত ০৩.১২.২০২০ তারিখে গঠিত সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)-এর সহকারী পরিচালক (রসায়ন) জনাব এস.এম. আশরাফুল আবেদীন আশা গত ০২.০২.২০২১ তারিখে জিএসবিতে ফেরত যাওয়া বর্তমানে উক্ত কমিটি পূর্ণগঠন করা প্রয়োজন। সভাপতি সকলের সাথে আলোচনার প্রেক্ষিতে মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-কে সদস্য সচিব করে কমিটি পূর্ণগঠনের নির্দেশনা প্রদান করেন। কমিটি গঠনের পর ওয়েবসাইটে তা আপলোডের মাধ্যমে হালনাগাদকরনের নির্দেশনা প্রদান করেন। সভাপতি বলেন, সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী এবং ০১ (এক) জন কর্মকর্তা জিএসবিতে ফেরত যাওয়ায় সিটিজেন চার্টারের উল্লিখিত সেবাসমূহ অনলাইন জিআরএস সিটেমে ([www.grs.gov.bd](http://www.grs.gov.bd)) অন্তর্ভুক্ত করতে হবে। এ প্রেক্ষিতে উপগরিচালক (খনি ও খনিজ)(চ.দা) জনাব মোঃ মাহফুজুর রহমান জানান, সিটিজেন চার্টার হালনাগাদকরণের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি কমিটিকে মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত :**

- ক) বর্তমান সিটিজেন চার্টার হালনাগাদ করে অন্তিবিলম্বে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;
- খ) সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন করতে হবে;
- গ) প্রতি তিন মাস অন্তর অন্তর ০১ (এক)টি করে সভা আয়োজন করতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



28.03.2021


মো: মামুনুর রশীদ  
 উপগরিচালক  
 ফোন : ৮৮০১৮৮৩৭  
 ই-মেইল : [ddadmine@bomd.gov.bd](mailto:ddadmine@bomd.gov.bd)

নং-২৮.০৭.০০০০.০০৮.৩৫.০০১.০২ (অংশ-৫)

তারিখ :  
 ১৫ চৈত্র ১৪২৭  
 ২৯ মার্চ ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৩। কর্মকর্তা (সকল), বিএমডি;
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
- ৫। অফিস কপি।



28.03.2021  
 (মোসাঃ মাহবুবা খাতুন)  
 সহকারী পরিচালক (ভূতত্ত্ব)